DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) ⃞ তৈরি: 14 Sep 2026, 04:36 PM

সারাদেশ

# সাতক্ষীরায় পুকুরে ডুবে ২ শিশুর মর্মান্তিক মৃত্যু

প্রতিবেদক: gmabusay
প্রকাশের তারিখ: সোমবার, ১৪ সেপ্টেম্বর ২০২৬, ০৮:৫২ PM



সাতক্ষীরায় পুকুরে গোসল করতে গিয়ে পানিতে ডুবে দুই শিশুর মৃত্যু হয়েছে। সোমবার (১৪ সেপ্টেম্বর) দুপুরে সাতক্ষীরা পৌর শহরের বাটকেখালি এলাকায় গফুর সরদারের পুকুরে এই মর্মান্তিক ঘটনা ঘটে।

মৃত শিশুরা হলো, বাটকেখালি এলাকার সাদ্দাম হোসেনের ছেলে লাবিব হোসেন (১০) এবং একই এলাকার হাবিবুর রহমানের মেয়ে হাবিবা খাতুন (৯)। লাবিব বাটকেখালি মিশন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের চতুর্থ শ্রেণির এবং হাবিবা একই বিদ্যালয়ের তৃতীয় শ্রেণির শিক্ষার্থী ছিল।

পরিবারের বরাত দিয়ে সাতক্ষীরা সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. মাহবুবুর রহমান জানান, দুপুরে দুই শিশু গফুর সরদারের পুকুরে গোসল করতে নামে। সাঁতার না জানার কারণে তারা দুইজনই পানিতে তলিয়ে যায়। দীর্ঘক্ষণ বাড়ি না ফেরায় পরিবারের সদস্যরা তাদের খোঁজাখুঁজি শুরু করেন।

একপর্যায়ে পুকুরপাড়ে শিশুদের জুতা দেখে স্বজনরা পানিতে নেমে সন্ধান চালান এবং তাদের উদ্ধার করে দ্রুত সাতক্ষীরা মেডিকেল কলেজ

হাসপাতালে নিয়ে যান।

সাতক্ষীরা মেডিকেল কলেজ হাসপাতালের পরিচালক ডা. কুদরত-ই-খুদা জানান, শিশু দুটিকে হাসপাতালের জরুরি বিভাগে আনার পর চিকিৎসা শুরু করার কিছুক্ষণের মধ্যেই তারা মারা যায়।

সাতক্ষীরা সদর থানার ওসি মো. মাহবুবুর রহমান ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, শিশু দুটির মরদেহ হাসপাতালের মর্গে রাখা হয়েছে।

---

## এ বিভাগের আরও খবর



**সমঝোতার□ পর বিকল্প ভেন্যুতে ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজের নবীনবরণ কনসার্ট আয়োজিত**

□কওমি ছাত্র ঐক্য পরিষদের সঙ্গে □সমঝোতার□ পর বিকল্প ভেন্যুতে আয়োজিত হয়েছে ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজের নবীনবরণ কনসার্ট। আজ (সোমবার, ১৪ সেপ্টে...



**নীলফামারীতে অধিযাচনকৃত ট্রাকে পরিত্যক্ত কারাগারের সরকারি মালামাল পাচারের চেষ্টা**

নীলফামারী শহরের পরিত্যক্ত পুরাতন কারাগারের ইট, লোহা ও কাঠসহ মূল্যবান সরকারি সম্পদ চুরির অভিযোগ নিয়ে চাঞ্চল্য সৃষ্টি হয়েছে। সরকারী কোনোপ্রকার...



**ফোন না ধরায় টিকিট কাউন্টারে গিয়ে মারধরের অভিযোগ যুবদল নেতার বিরুদ্ধে**

ব্রাহ্মণবাড়িয়া রেলওয়ে স্টেশনে তিতাস কমিউটার ট্রেনের টিকিট কাউন্টারে ঢুকে কর্মীদের মারধরের অভিযোগ উঠেছে এক যুবদল নেতার বিরুদ্ধে।মঙ্গলবার বেলা...




**৩ হাজার বাতির পৌরসভায় দেড় হাজারই নষ্ট, অন্ধকারে নরসিংদীর ঘোড়াশাল**

শিল্পাঞ্চল হিসেবে পরিচিত নরসিংদীর ঘোড়াশাল পৌর এলাকায় সন্ধ্যা নামলেই নেমে আসে অন্ধকার। দীর্ঘদিন ধরে অধিকাংশ সড়কবাতি নষ্ট হয়ে থাকায় প্রধান সড়ক...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/saradesh/satkshiray-pukure-dube-2-shishur-mrmantik-mritju